

২০২৪

বাংলা - মাইনর

তৃতীয় সেমেস্টার

পত্র : MN-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান : ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) চর্যাপদের আবিষ্কার, প্রকাশকাল এবং প্রকাশনার নাম উল্লেখ করে, চর্যাপদে প্রতিফলিত সমকালীন বাংলার সমাজজীবনের পরিচয় দাও। ১+১+১+১২
- অথবা,
- (খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির রচয়িতা কে? এটি কে আবিষ্কার করেন? কাব্যটির আবিষ্কারকাল উল্লেখ করে, বাংলা সাহিত্যের ইতিহাসে এই কাব্যের গুরুত্ব বিচার করো। ১+১+১+১২
- ২। (ক) বাংলা ভাষায় শ্রেষ্ঠ রামায়ণ অনুবাদক কে? তাঁর কাব্যের নাম কী? তাঁর আবির্ভাবকাল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে, তাঁর কাব্যের বিশিষ্টতা সম্পর্কে লেখো। ১+১+৩+১০
- অথবা,
- (খ) কবি বিদ্যাপতির কবিপ্রতিভার মূল্যায়ন করো। ১৫
- ৩। (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবি হিসেবে মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব বিশ্লেষণ করো। ১৫
- অথবা,
- (খ) শাক্ত পদকার রামপ্রসাদ সেন-এর কবিপ্রতিভার পরিচয় দাও। ১৫
- ৪। (ক) বাংলা সাহিত্যের আদিপর্ব বলতে কী বোঝো? এই পর্বের কয়েকটি সাহিত্যিক নিদর্শনের নাম উল্লেখ করো। ২+৩
- অথবা,
- (খ) চর্যাপদের ভাষাকে 'সঙ্ঘাভাষা' বা 'সাম্বাভাষা' বলার কারণ কী? ৫
- ৫। (ক) টীকা লেখো— শ্রীকৃষ্ণবিজয়। ৫
- অথবা,
- (খ) টীকা লেখো— চৈতন্যভাগবত। ৫

৬। (ক) 'মনসামঙ্গল' কাব্যের শ্রেষ্ঠ কবির কবিপ্রতিভা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা,

(খ) দৌলত কাজীর কবিপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) চর্যাপদে কতজন কবির লেখা পদ রয়েছে?
- (খ) চর্যাপদের সংস্কৃত টীকাকারের নাম লেখো।
- (গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের মোট ক'টি খণ্ড?
- (ঘ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের যে-কোনো একটি খণ্ডের নাম লেখো।
- (ঙ) বিদ্যাপতির 'ভাবশিষ্য' কোন কবিকে বলা হয়?
- (চ) বাংলা ভাষায় রচিত প্রথম চৈতন্যজীবনী গ্রন্থটির নাম লেখো।
- (ছ) চৈতন্য পরবর্তী একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- (জ) পরাগলী মহাভারত কার লেখা?
- (ঝ) 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির রচয়িতা কে?
- (ঞ) ধর্মমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবির নাম লেখো।
- (ট) ভারতচন্দ্র রচিত কাব্যটির নাম লেখো।
- (ঠ) সৈয়দ আলাওল রচিত একটি কাব্যের নাম লেখো।
- (ড) শাহ মহম্মদ সগীরের গ্রন্থটির নাম উল্লেখ করো।
- (ঢ) শাক্ত পদকর্তা হিসেবে 'সাধক কবি' আখ্যা কাকে দেওয়া হয়?
- (ণ) সুকুমার সেন রচিত বাংলা সাহিত্যের ইতিহাস বিষয়ক গ্রন্থটির নাম লেখো।